অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL পুরো নিউ ইয়র্কে সাতটি হাসপাতালে এবং হেলথ কেয়ার পার্টনারশিপে রূপান্তরকারী বিনিয়োগের কথা প্রকাশ করলেন

প্রাথমিক অনুমোদনটি কুইন্সে একটি কম্প্রিহেন্সিভ ক্যান্সার কেয়ার সেন্টার স্থাপন করার জন্য Jamaica Hospital এবং Memorial Sloan Kettering-কে 188 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিবে

St. Barnabas Hospital, Cityblock Health এবং Union Community Health Center-এর মধ্যে পার্টনারশিপকে সমর্থন করবে; St. Barnabas-এর ইমার্জেন্সি ডিপার্টমেন্টের উন্নয়ন করবে যেখানে প্রতি বছর প্রায় 75,000 বার রোগী আসে

Healthcare Safety Net Transformation প্রোগ্রামটি সেফটি নেট হাসপাতালের দৃঢ়তা বাড়াতে স্টেটের বিনিয়োগকে সচল করে

গভর্নরের 2025 সালের স্টেট অফ দ্য স্টেট Healthcare Safety Net Transformation প্রোগ্রামের জন্য বাড়তি তহবিলের প্রস্তাব করে

গভর্নরের ভিজিটর বি-রোল Youtube-এ দেখা যাবে এখানে এবং টিভি কোয়ালিটি (h.264, mp4) ফরম্যাটে এখানে; ছবি দেখা যাবে গভর্নরের Flickr-এ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো নিউ ইয়র্কের (New York) সাতটি হাসপাতাল এবং হেলথ কেয়ার পার্টনারশিপে রূপান্তরমূলক বিনিয়োগের কথা প্রকাশ করলেন। প্রাথমিক অনুদানটি হলো Healthcare Safety Net Transformation প্রোগ্রামের একটি অংশ, এবং এটিতে থাকবে "কুইন্সে (Queens) একটি কম্প্রিহেন্সিভ ক্যান্সার কেয়ার সেন্টার (Comprehensive Cancer Care Center of Queens)" স্থাপন করার জন্য Jamaica Hospital এবং Memorial Sloan Kettering (MSK)-কে 188 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ দেওয়া হবে। এছাড়াও এটি St. Barnabas Hospital, Cityblock Health এবং Union Community Health Center-এর মধ্যে একটি পার্টনারশিপকে সমর্থন করবে এবং St. Barnabas-এর ইমার্জেন্সি ডিপার্টমেন্টের (Emergency Department, ED) উন্নয়ন করবে। আজকের ঘোষণাটি নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য উন্নত করতে গভর্নর Hochul-এর (হোকল) নেওয়া উল্লেখযোগ্য পদক্ষেপের অনুসারী। ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025 সালের পাশ করা বাজেটে প্রতিষ্ঠিত Healthcare Safety Net Transformation প্রোগ্রামটি সেফটি নেট হাসপাতালের সাথে হেলথ

কেয়ার অর্গানাইজেশনের মধ্যে পার্টনারশিপের ইন্সেন্টিভ দেয়। এই প্রোগ্রামের মাধ্যমে নিউ ইয়র্ক এমন পার্টনারশিপকে উৎসাহিত করছে যা আবাসিক রেগুলেটরি ফ্লেক্সিবিলিটির পাশাপাশি কৌশলী ক্যাপিটাল এবং অপারেটিং সমর্থন দেওয়ার মাধ্যমে সেফটি নেট প্রতিষ্ঠানগুলির দৃঢ়তা উন্নত করে।

"আমাদের হাসপাতালের শক্তি আমাদের কমিউনিটির শক্তির প্রতিফলন করে, এবং দুর্বল জনগোষ্ঠীকে মানসম্পন্ন হেলথ কেয়ার দেওয়ার ব্যাপারে সেফটি নেট হাসপাতাল একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রত্যেক মানুষের কাছে সাশ্রয়ী, নির্ভরযোগ্য হেলথ কেয়ার থাকা উচিত, তা তারা যেই জিপ কোডেই বাস করুক না কেনো, এবং এই বিনিয়োগগুলি সুবিধাবঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ রিসোর্স নিয়ে আসবে।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার ডাঃ James McDonald (জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "আমি এই ফ্যাসিলিটিগুলির মধ্যে প্রায় সবগুলিতে গিয়েছি, এর মধ্যে St. Barnabas Hospital আছে, এটি হেলথ কমিশনার হিসেবে আমার ভিজিট করা প্রথম হাসপাতাল, এবং এই পার্টনারশিপগুলির প্রয়োজন আমি নিজের চোখে দেখেছি। সেফটি নেট হাসপাতালগুলি স্বাস্থ্যের সমতার প্রচার করে এবং দুর্বল কমিউনিটিগুলিকে অতি প্রয়োজনীয় সেবা দিয়ে থাকে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যের উন্নতি করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) অঙ্গীকারের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

তাদের প্রস্তাবিত রূপান্তর পরিকল্পনা কার্যকর করতে প্রয়োজনীয় অপারেটিং এবং ক্যাপিটাল চাহিদা সংশোধন করতে ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) এই আবেদনকারীদের সাথে কাজ করবে।

প্রাথমিকভাবে অনুমোদিত প্রোজেক্টগুলির মধ্যে আছে:

Jamaica Hospital এবং Memorial Sloan Kettering Cancer Center

- Jamaica Hospital এবং Memorial Sloan Kettering-এর মধ্যের এই পার্টনারশিপ "কুইন্সে (Queens) একটি কম্প্রিহেন্সিভ ক্যান্সার কেয়ার সেন্টার" স্থাপন করবে, যার মধ্যে Jamaica Hospital-এ একটি নতুন রেডিয়েশন এবং ইনফিউশন থেরাপি ক্যাম্পাস (Radiation and Infusion Therapy Campus) থাকবে।
- এই ক্লিনিক্যাল পার্টনারশিপটি Jamaica Hospital-কে কুইন্সে কম্প্রিহেন্সিভ ক্যান্সার কেয়ার দিতে সাহায্য করবে এবং সনাক্ত হওয়া রোগীদের অ্যাডভান্সড থেরাপি বা ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য Memorial Sloan Kettering-এ রেফার করবে।
- এই প্রোজেক্টকে সমর্থন করার জন্য স্টেট 188 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল তহবিল দিবে।

Glens Falls Hospital এবং Albany Med Health System

- Albany Med Health System-এর সাথে পার্টনারশিপ বহাল রেখে Glens Falls-এর ইমার্জেন্সি ডিপার্টমেন্টকে আধুনিক করবে Glens Falls Hospital, যাতে সেবা দেওয়া উন্নত করা যায় এবং আগামী 10-15 বছরে ইমার্জেন্সি ডিপার্টমেন্টের ব্যবহারের প্রত্যাশিত বিকাশের জন্য প্রস্তুত থাকা যায়।
- Glens Falls কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশন গুলির সাথে কাজ করবে যাতে নিশ্চিত করা যায় যে ইমার্জেন্সি ডিপার্টমেন্ট থেকে ডিসচার্জ পাওয়া রোগীদেরকে যথাযথ রিসোর্সের সাথে সংযুক্ত করে দেওয়া হয়, যার মধ্যে ডিসচার্জ প্রক্রিয়ায় সোশ্যাল ওয়ার্কারদের জড়িত করা থাকবে।
- প্রোজেক্টটিতে Glens Falls Hospital-কে Albany Med-এর ইলেক্ট্রনিক মেডিকেল রেকর্ড সিস্টেমের সাথে সংযুক্ত করা হবে এবং Glens Falls-এর রোগীদের জন্য অ্যাডভান্সড স্ট্রোক কেয়ারের ব্যবস্থা করা হবে।

Bertrand Chaffee Hospital, Brooks Hospital, Olean General Hospital এবং Kaleida Health

- 2024 সালের জুন মাসের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টির ফ্রেডোনিয়া (Fredonia) ভিলেজ Kaleida Health এবং Brooks-TLC Health Systems-এর সাথে একটি চুক্তি ঘোষণা করেন, যা ডানকার্ক (Dunkirk) সিটির Brooks-TLC-এর বদলি হবে।
- এই প্রাথমিক ঘোষণার এক্সপ্যানশন হিসেবে Kaleida Health ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Western New York) আরো দুইটি গ্রামীণ হাসপাতালের সাথে আনুষ্ঠানিকভাবে পার্টনারশিপ করবে (Olean General Hospital এবং Bertrand Chaffee Hospital), এবং এইসব গ্রামীণ হাসপাতালে অতি গুরুত্বপূর্ণ ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করবে।
- Kaleida Health তাদের ইলেক্ট্রনিক মেডিকেল রেকর্ড সিস্টেমকে আধুনিক করবে যাতে এর পুরো সিস্টেমটি আরো দক্ষভাবে কাজ করতে পারে এবং পুরো ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কেয়ারের ধারাবাহিকতা উন্নত করতে পারে।

St. Barnabas Hospital, Cityblock Health এবং Union Community Health Center

- Cityblock Health এবং Union Community Health Center-এর সাথে একটি পার্টনারশিপের মাধ্যমে St. Barnabas Hospital স্বাস্থ্যের ফলাফল উন্নত করবে এবং অপ্রয়োজনীয় অ্যাডমিশন এবং পুনরায় অ্যাডমিশন কমাবে, এবং একই সাথে ব্রঙ্কস (Bronx) কমিউনিটিকে স্থানীয় বিহেভিওরাল হেলথ সার্ভিসের আরো ভালো অ্যাক্সেস দিবে।
- পরিকল্পনার মধ্যে আছে একটি মূল্যভিত্তিক পার্টনারশিপ শুরু করা যাতে আনুমানিক 35,000 Healthfirst সদস্যের জটিল স্বাস্থ্য চাহিদার ব্যবস্থাপনা করা যায়, যাদের 50 শতাংশের বিহেভিওরাল হেলথ চাহিদা আছে।

- এই প্রোজেক্টটিতে এছাড়াও থাকবে St. Barnabas-এর ইমার্জেন্সি ডিপার্টমেন্টের উন্নয়ন,যেখানে এখন প্রতি বছর 75,000 বার ED-তে রোগী আসে, এমন একটি স্থানে যা বছরে মাত্র 55,000 বার রোগী আসার ক্ষমতা নিয়ে তৈরি করা হয়েছে।

Montefiore New Rochelle Hospital এবং Mount Vernon Neighborhood Health Center d/b/a Westchester Community Health Center

- Montefiore New Rochelle Hospital একটি ফেডারেলি কোয়ালিফাইড হেলথ সেন্টার (Federally Qualified Health Center, FQHC), Westchester Community Health Center-এর সাথে পার্টনারশিপ করবে, যাতে হাসপাতালের ম্যাটার্নাল চাইল্ড হেলথ (Maternal Child Health) প্রোগ্রাম জোরদার করা যায় এবং ওয়েস্টচেস্টারে (Westchester) মায়েদের হেলথ কেয়ারের মাণ উন্নত করা যায়।
- Montefiore New Rochelle Hospital তাদের ম্যাটার্নিটি এবং পোস্টপার্টাম ইউনিটকে এবং নিওন্যাটাল ইনটেনসিভ কেয়ার ইউনিটকে (Neonatal Intensive Care Unit) আধুনিক করবে যাতে তাদের মা রোগীদের আরো ভালো সেবা দেওয়া যায়। এর বর্তমান ইউনিটটি সেকেলে এবং অদক্ষ একটি স্থান যেটিকে 25 বছরের বেশি সময় ধরে সংস্কার করা হয়নি।

University of Vermont (UVM) Health Network, UVM Alice Hyde Medical Center এবং UVM Champlain Valley Physicians Hospital

- নর্থ কান্ট্রিতে (North Country) বিহেভিওরাল হেলথ কেয়ারের মাণ এবং অ্যাক্সেস উন্নত করতে এবং ইমার্জেন্সি ডিপার্টমেন্টের ব্যবহার কমাতে, UVM Champlain Valley Physicians Hospital মাদক চিকিৎসা এবং ইয়ুথ সার্ভিসের (Drug Treatment and Youth Services) জন্য Champlain Valley Family Center-এর সাথে পার্টনারশিপ করবে।
- প্রোজেক্টটি এছাড়াও UVM Alice Hyde Medical Center-এর আর্থিক স্থায়িত্বকে সরল এবং জোরদার করবে।

Mary Imogene Bassett Hospital, Otsego County Ambulance Services এবং Noble Health Services

- Mary Imogene Bassett Hospital দুইটি ডিস্ট্রিক্ট পার্টনারশিপ স্থাপন করবে, তার একটি হবে একটি অ্যাম্বুলেন্স সার্ভিসের সাথে এবং অন্যটি হবে একটি স্পেশালিটি ফার্মেসির সাথে।
- Otsego County Ambulance Service-এর সাথে একটি পার্টনারশিপের মাধ্যমে Mary Imogene Bassett Hospital ইমার্জেন্সি পরিবহনের সংখ্যা বাড়াবে এবং

পুরো ব্যাসেট (Bassett) হেলথ নেটওয়ার্কের দক্ষতা উন্নত করার জন্য যোগাযোগ ইনফ্রাস্ট্রাকচারকে উন্নয়ন করবে।
- জাতীয় স্পেশালিটি ফার্মেসি Noble Health Services-এর সাথে পার্টনারশিপের মাধ্যমে Mary Imogene Bassett Hospital রোগীদের জন্য ফার্মাকোলজিক্যাল ইন্টারভেনশন উন্নত ও দ্রুত করার জন্য Bassett-এর ফার্মেসি অপারেশনকে বড় এবং আধুনিক করবে।

Healthcare Safety Net Transformation প্রোগ্রামের আবেদন প্রক্রিয়া হবে রোলিং ধরণের। আবেদনগুলি চলমান ভিত্তিতে রিভিউ করা এবং অনুমোদন করা হতে থাকবে। প্রথম বছরে, প্রোগ্রামটির চাহিদা উপলভ্য তহবিলের চেয়ে অনেক বেশি ছিল। তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের ঘোষণা অনুযায়ী, এই চাহিদা পূরণের জন্য গভর্নর Hochul (হোকল) FY26-এ এই প্রোগ্রামের জন্য আরো রিসোর্স বরাদ্দ করবেন। এই প্রতিশ্রুতিটি যোগ্য আবেদনগুলিকে আরো সমর্থন করবে এবং ভবিষ্যতে নিউ ইয়র্কের সেফটি নেট হাসপাতালগুলিকে স্থিতিশীল ও জোরদার করার জন্য আরো পার্টনারশিপ তৈরি করবে।

রিপ্রেজেন্টেটিভ Gregory Meeks (গ্রেগরি মিকস) বলেন, "Jamaica Hospital-এ একটি ক্যান্সার সেন্টারের জন্য তহবিল হলো কুইন্স কমিউনিটির জন্য একটি রূপান্তরমূলক বিনিয়োগ। এই উদার সমর্থনের কারণে হেলথকেয়ার প্রদানকারীরা ক্যান্সারের রোগীদের সেবাদান করার জন্য সর্বশেষ টেকনোলজি এবং আধুনিক চিকিৎসা ব্যবহার করতে পারবে। Jamaica Hospital আমাদের কমিউনিটির জন্য অতি প্রয়োজনীয়, সেজন্যই আমি এই ফ্যাসিলিটিকে প্রয়োজনীয় অতিরিক্ত মেডিকেল সরঞ্জাম জোগাড় করতে সাহায্য করার জন্য 4.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিল নিশ্চিত করার পক্ষে কাজ করেছি। আমাদের হেলথকেয়ার সিস্টেমে চলমান বিনিয়োগ শুধু জীবন রক্ষা করে না বরং এছাড়াও প্রতিরোধমূলক সেবাকে জোরদার করে যা আমাদের বাসিন্দাদের সার্বিক সুস্থতায় অবদান রাখে।"

স্টেটের সিনেটর Leroy Comrie (লিওরি কমরি) বলেন, "নিউ ইয়র্কের হেলথকেয়ার গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগ সমতা ও ইনোভেশনের জন্য একটি অবিচল অঙ্গীকার দেখায়। Jamaica Hospital এবং Memorial Sloan Kettering-এর পার্টনারশিপের মাধ্যমে কুইন্সে কম্প্রিহেন্সিভ ক্যান্সার কেয়ার সেন্টার তৈরি করা হলে তা নিশ্চিত করবে যাতে কুইন্সের বাসিন্দাদের কাছে বাড়ির কাছেই অত্যাধুনিক ক্যান্সার কেয়ার পাওয়ার সুযোগ থাকে। পুরো স্টেটে সেফটি নেট হাসপাতাল জোরদার করার মাধ্যমে এই উদ্যোগটি শুধু হেলথকেয়ার দেওয়াকে উন্নত করে না বরং এছাড়াও সকলের জন্য আরো স্বাস্থ্যকর, আরো দৃঢ় নিউ ইয়র্ক গঠন করার আমাদের যে এক মিশন রয়েছে তা জোরদার করে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Lynn Schulman (লিন শুলম্যান) বলেন, "হেলথকেয়ার একটি মানবাধিকার এবং সেফটি নেট হাসপাতাল এবং হেলথকেয়ার অর্গানাইজেশনের জন্য গভর্নর Hochul-এর (হোকল) আজকের উল্লেখযোগ্য বিনিয়োগটি এটিকে আরো বাস্তব করবে। তহবিলটি কুইন্স বরোর জন্য বিশ্বমানের মেডিকেল এবং ক্যান্সার কেয়ার সেবা অগ্রসর করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন